

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ জুন '২০২৩খ্রি.

মুক্তিযুদ্ধে এম এ হান্নানের অবদান চিরস্মরণীয়:মেয়র

বাংলাদেশের মুক্তিসংগ্রামে এম এ হান্নানের অবদান চিরস্মরণীয় বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার মুক্তিযুদ্ধের এই সংগঠকের কবরে ফুল দিয়ে শ্রদ্ধা জানান চট্টগ্রাম সিটি মেয়র ও কাউন্সিলরবৃন্দ।

এসময় মেয়র বলেন, “১৯৭১ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বাধীনতা ঘোষণার বার্তা অবলম্বনে কালুরঘাট বেতারকেন্দ্র থেকে চট্টগ্রাম জেলা আওয়ামী লীগের তৎকালীন সাধারণ সম্পাদক এম এ হান্নান বঙ্গবন্ধুর পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করেন। এছাড়া মুক্তিযুদ্ধের অনেক আগ থেকে থেকেই দলীয় কর্মী ও সাধারণ জনতাকে দেশের স্বাধীনতা আন্দোলনের পক্ষে প্রভুত করতে কাজ করেছিলেন তিনি। মুক্তিযুদ্ধে তার অবদান চিরস্মরণীয়।”

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মোহাম্মদ গিয়াস উদ্দিন, কাউন্সিলর জহর লাল হাজারী, গোলাম মোঃ জোবায়ের, আতাউল- ১ চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, আরুল হাসনাত মোঃ বেলাল, মোঃ আবদুস সালাম মাসুম, পুলক খান্টাগীর, নূর মোস্তফা টিনু, সংরক্ষিত নারী কাউন্সিলর নীলু নাগ, আনজুমান আরা। চট্টগ্রাম নগর আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মশিউর রহমান, দক্ষিণ জেলা আওয়ামী লীগ নেতা খোরশেদ আলম, নগর আওয়ামী লীগ নেতা ফরিদ মাহমুদ। দোয়া ও মুনাজাত পরিচালনা করেন ড. মাসুম চৌধুরী।

চসিক শ্রমিক ও কর্মচারীলীগের সহসভাপতি রূপন কান্তি দাশের শোক সভায়:মেয়র কর্মই মানুষকে বাঁচিয়ে রাখে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শ্রমিক ও কর্মচারীলীগ (সিবিএ) এর সহসভাপতি রূপন কান্তি দাশের শোকসভা আজ রোববার বিকেলে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন-প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন।

সিবিএ'র ভারপ্রাপ্ত সভাপতি জাহেদুল আলম চৌধুরীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মো. মুজিবুর রহমানের সঞ্চালনায় শোকসভায় আরো বক্তব্য রাখেন-মো. ইয়াছিন, বিপ্লব কুমার চৌধুরী, আবুল মাসুদ, কল্লোল দাশ বাপ্পী, ফরিদ আহমদ, ওয়ালিদুল আজিম সোহেল, মো. শফি, আবু তাহের, যোগেশ দাশ, পুলক দাশ প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন, মানুষ তার কর্মের মাঝে বেঁচে থাকে। রূপন দান একজন সৎ ও নিষ্ঠাবান কর্মচারী ছিলেন। কর্মক্ষেত্রে তিনি সহকর্মীসহ সেবাহ্রমীতাদের সাথে যে সুন্দর ব্যবহার করেছেন তা সবার জন্য অনুকরণীয়। তিনি তার আত্মার শান্তি কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮